

📖 ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

ইফতারের মধ্যে অপচয় কি রোযার সওয়াব কমিয়ে দেয়?

প্রশংসা আল্লাহর জন্য।

এতে সিয়ামের সওয়াব কমবে না। রোযা পূর্ণ করার পরে কেউ যদি কোন হারাম কাজে লিপ্ত হয় তাতে রোযার সওয়াবের কমতি হবে না। তবে এ ধরনের অপচয় আল্লাহ তাআলার সেই বাণীর নিষেধাজ্ঞার অধীনে পড়ে যায়:

قوله تعالى : (وَكُلُوا وَاشْرَبُوا وَلَا تُسْرِفُوا إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ) (الأعراف : 31)

“তোমরা পানাহার কর, কিন্তু অপচয় করো না। নিশ্চয় তিনি অপচয়কারীদেরকে পছন্দ করেন না।” [সূরা আ‘রাফ, আয়াত ৭:৩১]

অপচয় করাটা এমনিতেই হারাম। আর মিতব্যয়িতা হল জীবিকার অর্ধেক। তাদের কাছে প্রয়োজনের অতিরিক্ত কিছু থাকলে তারা তা সদকাহ করে দিতে পারে। সেটাই তো উত্তম।”

ফাজিলাতুশ শাইখ মুহাম্মাদ ইবনে ‘উছাইমীন (রাহিমাহুল্লাহ)।

[ফাতাওয়া ইসলামিয়াহ (২/১১৮)]

ফুটনোট

<http://islamqa.info/bn/106459>

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=2356>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন